

## 💵 সাওম বিষয়ক আধুনিক কিছু মাসআলা

বিভাগ/অধ্যায়ঃ সাওম পালনকারীর জন্য মালিশ, মলম ও প্লাস্টার ব্যবহারের বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

সাওম পালনকারীর জন্য মালিশ, মলম ও প্লাস্টার ব্যবহারের বিধান

বিবরণ: চামড়ার অভ্যন্তরে রয়েছে রক্ত নালী (Blood vessel)। ফলে চামড়ার উপরে যা দেওয়া হয়, তা কৈশিক নালীর (Capillary vessel) মাধ্যমে শোষিত হয়ে রক্তে গিয়ে মিশে, তবে এর শোষণ ক্ষমতা খুবই ধীর গতি সম্পন্ন। যাহোক, সাওম পালনকারী যদি চামড়ায় মালিশ, মলম ও প্লাস্টার ব্যবহার করে, তাহলে কি তার সাওমে কোনো প্রভাব ফেলবে?

হুকুম: এর হুকুম আগের মাসআলার হুকুমের মত, অর্থাৎ সুরমা এবং যেসব ঔষধ মুখ-নাক ছাড়া অন্যভাবে গ্রহণ করা হয়, সেসব সম্পর্কে শায়খুল ইসলাম ইবন তায়মিয়্যাহ রহ.-এর এক বিস্তারিত আলোচনার ওপর ভিত্তি করে বলা যায়, মালিশ, মলম ও প্লাস্টার সাওম ভঙ্গ করবে না। 'ইসলামী সাহায্য সংস্থা'-ও এই মতাবলম্বন করেছে। ইতোপূর্বে বলা হয়েছে, ঔষধি ইনজেকশন সরাসরি রক্তে দেওয়া সত্ত্বেও যেহেতু তা সাওম ভঙ্গ করে না, সেহেতু আরো অগ্রাধিকার ভিত্তিতে এসব মালিশ, মলম ইত্যাদি সাওম ভঙ্গ করবে না। বর্তমান যুগের কেউ কেউ বলেছেন, সকলেই একমত যে, এসব মালিশ, মলম ইত্যাদি সাওম ভঙ্গ করবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9819

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন